# Times Today BD

ডেস্ক রিপোর্ট | জেলার খবর | 29 March, 2025

ব্রাহ্মণবাড়িয়া শহরের দাতিয়াড়া থেকে অর্ধকোটি টাকার ভারতীয় মদের চালান আটক করেছে সেনাবাহিনীর সদস্যরা।শনিবার (২৯ মার্চ) সকাল সাড়ে ৬টার দিকে সেনাবাহিনীর ৩৩ বীর ক্যাপ্টেন আমিনের নেতৃত্বে সেনাবাহিনীর সদস্যরা শহরের দাতিয়ারা এলাকা থেকে এই ভারতীয় মদের চালান আটক করেন।

অভিযান সম্পর্কে ব্রাহ্মণবাড়িয়া সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মুজাফফর হোসেন জানান, সকাল সাড়ে ৬টার দিকে সেনাবাহিনীর একটি দল শহরের কাউলতলী এলাকায় একটি পিকআপ ভ্যানকে থামার জন্য সংকেত দেয়।কিন্তু পিকআপ ভ্যানটি সংকেত অমান্য করে পালিয়ে যাওয়ার চেষ্টা করে।

পরে সেনাবাহিনীর সদস্যরা পিকআপ ভ্যানটিকে ধাওয়া করে ব্রাহ্মণবাড়িয়া শহরের দাতিয়ারা ফারুকীপাড়া এলাকা থেকে আটক করেন।তবে এর আগেই পিকআপ ভ্যানচালক এবং হেলপার পালিয়ে যায়।পরে পিকআপটি তল্লাশি করে ভারতীয় মদ অফিসার চয়েস ব্লু, ওল্ড মন্ক, এসি ব্ল্যাক, আইস বটকা ও ম্যাজিক মোমেন্টসহ বিভিন্ন ব্র্যান্ডের ১৪৮০ বোতল উদ্ধার করা হয়।যার আনুমানিক বাজারমূল্য অর্ধকোটি টাকা হবে বলে জানায় পুলিশ।

এ ঘটনায় পিকআপ ভ্যানটিকেও জব্দ করা হয়।জব্দ করার পিকআপটির পেছনে লেখা ছিল ‘মাদককে না বলুন’।

সেনাবাহিনী ব্রাহ্মণবাড়িয়া পিকআপ ভ্যানচালক ভারতীয় মদ

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 02:04

URL: https://www.timestodaybd.com/public/countrywide/167775807